Bangladesh

আপনার শহরকে পরিচ্ছন্ন
ও সবুজ রাখুন

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ
সাধারণ শাখা
বাটালি হিল, টাইগারপাস, চট্টগ্রাম
www.ccc.gov.bd

## চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৯তম সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী<br>মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : | ২৮ আগষ্ট ২০২২ খ্রিঃ |
| স্থান | : | কে.বি আবদুচ ছত্তার মিলনায়তন<br>(আন্দরকিল্লাস্থ পুরাতন নগর ভবন) |
| সভার সময় | : | সকাল-১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট ক-তে দ্রষ্টব্য (স্বাক্ষরের ক্রমানুসারে)।

পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে সভা শুরু করা হয়। সভার শুরুতে ১৯৭৫ সালের ১৫ আগস্টে ঘাতকের বুলেটে নির্মমভাবে নিহত স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারবর্গ, ২১আগস্টে গ্রেনেড হামলায় নিহত বাংলাদেশ আওয়ামীলীগের নেতা কর্মী ও নগরীর বিশিষ্ট ব্যক্তিদের মৃত্যুতে শোক প্রকাশ করে মোনাজাত করা হয়।

সভাপতি উপস্থিত প্যানেল মেয়র, কাউন্সিলরগণ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা ও অন্যান্য সংস্থার প্রতিনিধিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভা পরিচালনা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ শহীদুল আলম-কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম শুরু করেন।

শুরুতে গত ২৭ জুলাই ২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৮তম সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কারো আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

প্রধান নির্বাহী কর্মকর্তার আহবানে সচিব জনাব খালেদ মাহমুদ বিভিন্ন বিভাগ থেকে প্রেরিত গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির গুরুত্বপূর্ণ বিষয় সমূহ সভায় উপস্থাপন করেন ।

প্রকৌশল বিভাগের অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করা হয়, মোহরার ৫নং ওয়ার্ডের সি এন্ড বি এলাকায় চট্টগ্রাম ওয়াসা কর্তৃক ফুটপাতের উপর নির্মিত দেয়াল অপসারণ করার জন্য, চট্টগ্রাম ওয়াসা কর্তৃক বাসা বাড়ি ও বিভিন্ন স্থাপনায় যত্রতত্র পানির সংযোগ স্থাপন করায় পথচারীদের ফুটপাতে চলাচলে বিঘ্ন সৃষ্টির প্রেক্ষিতে পাইপ লাইন স্থাপনে যথাযথ নিয়ম অনুসরণের বিষয়ে এবংওয়াসার ঠিকাদার কর্তৃক রোড কাটিং এর সময় হালনাগাদ অনুমতিপত্র প্রদর্শন করতে ব্যর্থ হলে তাদের যাবতীয় মালামাল জব্দ করা হবে মর্মে ওয়াসাকে অবগতি পত্র প্রেরণ করা হয়েছে।ইতোমধ্যে চশমা খাল, টিএন্ডটি কলোনী, মুরাদপুর এলাকা, ২ নং গেইট কবরস্থান সংলগ্ন এলাকাসহ বিভিন্ন স্থানে বেষ্টনী নির্মানের কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট স্থানেও কাজ চলমান রয়েছে। তাছাড়া চউক এর প্রকল্পভুক্ত খালে নিরাপত্তা বেষ্টনী দেওয়ার জন্য চউককে পুণরায় পত্র প্রেরণ করা হয়েছে।এডিপির ২৫০০ কোটি টাকার প্রকল্পের ৩৭ (সাতত্রিশ) টি দরপত্র আহবানের কার্যক্রম চলমান রয়েছে। ১১ টি উপ-প্রকল্পের NOA ইস্যু করা হয়েছে। Evaluation চলমান রয়েছে ১টি উপ-প্রকল্পে,আগস্ট মাসে দরপত্র আহবান করা হয়েছে ২৫টি, ২৮টি উপ-প্রকল্প দরপত্র আহবানের অপেক্ষায় আছে। বারইপাড়া খাল খনন প্রকল্পের ভৌত অগ্রগতি ২০%, আর্থিক অগ্রগতি ৭৩%। বাস ট্রাক টার্মিনাল নির্মান প্রকল্পের অগ্রগতি ভৌত অগ্রগতি ৮০%, আর্থিক অগ্রগতি ৭৬%।

রাজস্ব বিভাগের অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করা হয়, গৃহকর আদায়ের ক্ষেত্রে সম্মানিত করদাতাগণ যাতে বিভ্রান্ত না হয় সে দিকে লক্ষ্য রেখে অ্যাসেসমেন্টের অসংগতিগুলো ৬ টি রিভিউ বোর্ডের মাধ্যমে যৌক্তিক ও সহনীয় হারে নির্ধারণ পূর্বক কর আদায় করা হবে মর্মে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হয়। নগরবাসীকে গৃহকর প্রদানে উদ্বুদ্ধ করতে ৪১টি ওয়ার্ড অফিস, ৮টি রাজস্ব সার্কেল অফিস হতে বিনামূল্যে আপীল ফরম বিতরণ করা হচ্ছে এবং ওয়েবসাইটে আপলোড করার জন্য প্রোগ্রামারকে পত্র মারফত জানিয়ে দেয়া হয়। ২৬টি খাতের মধ্যে গুরুত্বপূর্ণ কিছু খাত হতে কর আদায়ের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয় এবং ইমারত নির্মাণ, পুনঃ নির্মাণ আবেদনের উপর কর আদায়ের বিষয়ে আইন শাখা হতে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্সের মাস ভিত্তিক আদায়ের তথ্য রাজস্ব বিভাগ কর্তৃক প্রতি মাসে অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সভায় প্রেরণ করা হয়। হোল্ডিং ও ট্রেড লাইসেন্স এর বাৎসরিক ও মাসিক আলাদা আলাদা আদায়ের পরিমাণ টার্গেট অনুযায়ী আদায়ের হার মাননীয় মেয়র, সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর অর্থও সংস্থাপন অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সচিব বরাবরে প্রেরণ করার জন্য কর কর্মকর্তা (কর/লাইসেন্স) এর নির্দেশনা প্রদান করা হয়।

পরিচ্ছন্ন বিভাগের অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করা হয়, জলাবদ্ধতা নিরসনকল্পে চসিকের উদ্যোগে বিভিন্ন সংস্থার প্রধানদের সাথে অনুষ্ঠিত জরুরী সভায় গঠিত কমিটির সুপারিশে চসিকের করণীয় যা ছিল তৎমধ্যে প্রায় ৯০ ভাগ বাস্তবায়ন করা হয়েছে। জলাবদ্ধতা প্রবণ ওয়ার্ড সমূহের নালা-খাল হতে মাটি-আবর্জনা উত্তোলনের জন্য স্কেভেটর ও ডাম্পট্রাক ভাড়া করে এবং বাহির হতে অতিরিক্ত জনবল নিয়োজিত করে কাজ করানো হচ্ছে যা দ্রুত শেষ করা হবে। কোন ওয়ার্ডে ডেঙ্গু রোগী চিহ্নিত হলে তার আবাসিক ও কর্মস্থলের বিস্তারিত তথ্য চসিককে সরবরাহ করার জন্য চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, জেলা সিভিল সার্জন ও মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক কে ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে। যত্রতত্র বর্জ্য ফেলা রোধে পর্যাপ্ত বিন ক্রয় কাজ চলমান রয়েছে এবং নতুন কন্টেইনার সরবরাহের লক্ষ্যে চসিকের যান্ত্রিক শাখা কাজ করছে। রাস্তা ফুটপাতের অবৈধ দখলদারদের উচ্ছেদ ও উচ্ছেদ পরবর্তী তদারকির জন্য স্ট্রাইকিং ফোর্স গঠনপূর্বক কার্যক্রম চলমান রয়েছে। বিশেষ দলকে পরিচ্ছন্ন কর্মকর্তাগণের অধীনে নিয়োজিত করা হলেও বাস্তবে শতভাগ কাজ করানো যাচ্ছে না।

ম্যাজিস্ট্রেট শাখার অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করা হয়, নগরের বিভিন্ন এলাকায় ১৮টি মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে অভিযুক্তদের বিরুদ্ধে ১১১টি মামলা রুজু পূর্বক ৫,২০,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে এবং সর্বসাধারণকে রাস্তা,নালা নর্দমা খালে বর্জ্য না ফেলার জন্য সতর্ক করা হয়। ভেজাল বিরোধী অভিযানে ৩টি মামলায় ২,৪০,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়। নগরের বিভিন্ন ওয়ার্ডের মশক নিধন কার্যক্রম নিয়মিত তদারকি করা হয় এবং বিভিন্ন নির্মাণাধীন ভবন ও বাসাবাড়ীর ছাদ এবং পরিত্যাক্ত জায়গায় পানি জমাট আছে কিনা মোবাইল কোর্টের মাধ্যমে তদারকি করা হয়। এই বিষয়ে বাড়ির বসাবসকারীদের সচেতন করা হয়। মহানগর এলাকায় মোবাইল কোর্ট এর মাধ্যমে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ,র‌্যাব ও আনসার ব্যাটলিয়ন এর সহযোগিতায় নিয়মিত উচ্ছেদ অভিযান চলমান আছে। নগরের বিভিন্ন বাজারে পলিথিন ব্যবহার রোধে ও বাজার মূল্য নিয়ন্ত্রণে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে অভিযুক্তদের বিরুদ্ধে ০৯টি মামলা রুজু পূর্বক ৮,০০০/- টাকা জরিমানা আদায় করা হয় এবং পলিথিন জব্দ পূর্বক বিনষ্ট করা হয়। মহানগর এলাকায় মোবাইল কোর্ট এর মাধ্যমে এই অভিযান চলমান আছে।

সচিব জনাব খালেদ মাহমুদ সাধারণ সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও অগ্রগতির প্রতিবেদনে তথ্য উপাত্ত সমূহ আরো সুনিদিষ্ট ভাবে উল্লেখ করে যথাসময়ে উপস্থাপনের জন্য স্ব স্ব বিভাগকে নির্দেশনা দেন। তিনি বিগত সাধারণ সভার কার্যবিরণীতে অন্তর্ভুক্ত অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করেন। অত:পর পরবর্তী আলোচ্যসূচি অনুযায়ী আলোচনায় অংশগ্রহণের জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান।

১.১. বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উপবিভাগীয় প্রকৌশলী প্রকৌশলী মো. খোরশেদ আলী চৌধুরী বলেন, লোডশেডিংয়ের সিডিউল নিয়মিত বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ওয়েব সাইটে আপলোড করা হয়। রাস্তার উপর থেকে পুল স্থানান্তরের জন্য তিনি বিদ্যুং উন্নয়ন বোর্ডকে পত্র প্রদানের অনুরোধ জানান।

১.২. চট্টগ্রাম ওয়াসা প্রতিনিধি নির্বাহী প্রকৌশলী জনাব মো. ইফতেখার উল্লাহ মামুন বলেন, মোহরার ফুটপাতের উপর ওয়াসা নির্মিত পাম্প হাউসের দেয়াল ৭ দিনের মধ্যে অপসারণ করা হবে মর্মে ব্যবস্থাপনা পরিচালক অঙ্গীকার ব্যক্ত করেছেন। ড্রেনের ভিতর থেকে পানি নিষ্কাশনে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী পাইপ লাইনসমূহ অপসারণেরও ব্যবস্থা নেয়া হচ্ছে।

১.৩. চট্টগ্রাম বন্দরের প্রতিনিধি জনাব জিল্লুর রহমান বন্দর ব্যবহারকারী যানবাহনগুলো পার্কিং এর জন্য বন্দরের উদ্দ্যোগে একটি ট্রাক টার্মিনাল নির্মাণ করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন।

১.১৬. র‍্যাপিড একশন ব্যাটেলিয়ন এর ডিএডি জনাব মো. হেলাল উদ্দিন বলেন,র‍্যাব যে কোন প্রয়োজনে চসিককে সহায়তা দিতে প্রস্তুত রয়েছেন। উচ্ছেদ কার্যক্রমে র‍্যাবের টহল টিমের উপস্থিত নিশ্চিত করার জন্য উচ্ছেদ কার্যক্রমের মাসিক সিডিউলসমূহ মাসের শুরুতেই র‍্যাব চাঁন্দগাও অফিসে পত্রের মাধ্যমে অবহিত করলে কার্যক্রম পরিচালনার জন্য সুবিধা হয় মর্মে তিনি সভাকে অবহিত করেন।

১.৪: ৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ মোবারক আলী বলেন, বিভিন্ন ওয়ার্ডে প্রাকৃতিকভাবে সৃষ্ট গার্বেজ ট্রেপের কারণে ককসিট,পলিথিন ঐসব স্থানে জমা হয়ে জলাবদ্ধতা সৃষ্টি করে। এসব স্থানগুলোর তালিকা সুপারভাইজারদের সহযোগিতায় কাউন্সিলরদের মাধ্যমে প্রস্তুত করে পরিষ্কার পরিচ্ছন্ন করলে জলাবদ্ধতা প্রবণ ওয়ার্ডসমূহের পানি জমে থাকার সমস্যা হতে পরিত্রাণ পাওয়া যেতে পারে। তিনি আবর্জনা অপসারণের ব্যবহৃত গাড়িগুলোতে পর্যাপ্ত জ্বালানি সরবরাহের অনুরোধ জানান। তিনি বিভিন্ন ওয়ার্ডের পোষ্টার লাগানোর ক্ষেত্রে স্থান নির্ধারণ ও ব্যবস্থাপনা কাউন্সিলরদের মাধ্যমে সম্পন্ন করার প্রস্তাব দেন। তিনি মাননীয় মেয়রের দুরদর্শী চিন্তা চেতনার ফলে স্ট্রাইকিং ফোর্স গঠনপূর্বক ফুটপাত থেকে অবৈধ দখলদারদের উচ্ছেদের ক্ষেত্রে যে সফলতা অর্জিত হয়েছে তা ধরে রাখতে নিউমার্কেট, বহদ্দারহাটসহ বিভিন্ন স্থানের হকারদের জন্য হলিডে মার্কেট, রাত্রিকালীন মার্কেটের ব্যবস্থা করার জন্য অনুরোধ জানান। তিনি এলইডি প্রকল্পের বাস্তবায়নে এবং বৈদ্যুতিক শেড,বাতি ও সংযোগ স্থাপনের মতো গুরুত্বপূর্ণ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান।

১.৫. ১১নং দক্ষিণ কাট্টলী ওয়ার্ড কাউন্সিলর জনাব মোহাম্মদ ইসমাইল পোর্ট কানেকটিং রোডের কাজ সুচারুরূপে সম্পন্ন হওয়ায় মাননীয় মেয়রকে ধন্যবাদ জানান এবং পিসি রোড, ফইল্যাতলী কিচেন মার্কে রোড দ্রুত উদ্বোধনের অনুরোধ জানান।

১.৬. ১৪নং লালখানবাজার ওয়ার্ড কাউন্সিলর জনাব আবুল হাসনাত মো: বেলাল সড়কের নিরবচ্ছিন্ন প্যাচ ওয়ার্ক কার্যক্রম পরিচালনা করার নিমিত্তে এ্যাসফল্ট প্ল্যান্টসমূহ সর্বদা সচল রাখা ও বালি,পাথর,বিটুমিনসহ প্রয়োজনীয় মালামাল পূর্ব থেকে মজুদ রাখার জন্য সভাকে অনুরোধ জানান।

১.৭. ২১নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব শৈবাল দাশ সুমন ওয়ার্ডের আবর্জনা অপসারণের জন্য ব্যবহৃত গাড়িগুলোতে জ্বালানি হ্রাস করায় আবর্জনা পরিবহনে অসুবিধার সম্মুখীন হচ্ছে উল্লেখ করে গাড়িগুলোতে পর্যাপ্ত জ্বালানি সরবরাহের অনুরোধ জানান।

১.৮. ২৬নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মো: ইলিয়াছ চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক নির্মাণকৃত আর্টিলারি রোড দ্রুত উদ্বোধন করে সর্ব সাধারণের জন্য উন্মুক্ত করে দেয়ার অনুরোধ জানান।

১.৯. ২৭নং উত্তর আগ্রাবাদ ওয়ার্ড কাউন্সিলর জনাব মো: শেখ জাফরুল হায়দার চৌধুরী গৃহকর নিয়ে অসংগতি দূর করার জন্য রিভিউ বোর্ডের সাথে স্থানীয় কাউন্সিলরের সমন্বয়ের মাধ্যমে বিশেষ গুরুত্বসহকারে গৃহকর সংক্রান্ত অভিযোগ নিস্পত্তি করার জন সভাকে অনুরোধ জানান।

১.১০. ৩৬নং গোসাইলডাঙ্গাঁ ওয়ার্ড কাউন্সিলর জনাব মোহাম্মদ মোর্শেদ আলী তার ওয়ার্ডে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অনুমতি পত্রবিহীন রাস্তা কাটা হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন।

১.১১. ৩৭নং উত্তর মধ্যম হালিশহর ওয়ার্ড কাউন্সিলর জনাব মোহাম্মদ আবদুল মান্নান বিভিন্ন স্থানে সড়ক সম্প্রসারণের ফলে বৈদ্যুতিক পুলসমূহ রাস্তা থেকে স্থানান্তর না করায় যানবাহন চলাচলে সমস্য সৃষ্টি হচ্ছে বিধায় বৈদ্যুতিক খুঁটিগুলো দ্রুত স্থানান্তরের জন্য বিদ্যুৎ উন্নয়ন বোর্ড প্রতিনিধিকে অনুরোধ জানান। তিনি ৩৭নং উত্তর মধ্যম হালিশহর ওয়ার্ডকে মুনির নগর ওয়ার্ড হিসাবে নাম করনের গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নে সভাকে অনুরোধ জানান

১.২. ৭নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর রুমকী সেনগুপ্ত দেওয়ানবাজার সাব-এরিয়া সড়কে ফুটপাতের অবৈধ বাজার এবং চট্টেশ্বরী রোডের নালার উপর ও আন্দরকিল্লা শাহী জামে মসজিদের দু' পাশ্বের অবৈধ দোকান উচ্ছেদের অনুরোধ জানান।

১.১২. ১০নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র আফরোজা কালাম নগরীর কাঁচা জরাজীর্ণ ঘরগুলো চিহ্নিত করে স্থানীয় কাউন্সিলরের প্রত্যয়ন সাপেক্ষে সংশ্লিষ্ট হোল্ডিং মালিকদের গৃহকর মওকুফের ব্যবস্থা নেয়ার জন্য সভাকে অনুরোধ জানান।

১.১৩. ১৫নং বাগমনিরাম ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র জনাব মোহাম্মদ গিয়াস উদ্দিন মাননীয় মেয়রকে প্রতিমন্ত্রী মর্যাদা প্রদান করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চট্টগ্রামবাসীর পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি সেবার পরিসর বিবেচনায় অনন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য,শিক্ষা,আলোকায়নের বিভিন্ন খাতের সেবার মান আরো বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। তিনি চসিকের উদ্দ্যোগে পূর্বের মতো বৃক্ষমেলা আয়োজনের জন্য সভাকে অনুরোধ জানান।

১.১৪. চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ শহীদুল আলম বলেন, জনদূর্ভোগ লাঘবে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে সড়কের ভিতরে দন্ডায়মান বৈদ্যুতিক খুঁটিসমূহ নিজ দায়িত্বে পরিদর্শনপূর্ব স্থানান্তরের উদ্যোগ নিতে হবে। তিনি চসিকের বিভিন্ন কার্যক্রমে সেবা সংস্থাগুলোর সহযোগিতা ও সমন্বয়ের আহবান জানান।

১:১৫ঃ সম্মানিত সভাপতি মাননীয় মেয়র জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী তাঁর বক্তব্যের শুরুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা, প্যানেল মেয়র, কাউন্সিলর ও অন্যান্য সংস্থা থেকে উপস্থিত অতিথিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

তিনি বলেন, চট্টগ্রাম দেশের অর্থনীতির প্রাণকেন্দ্র। চট্টগ্রামের উন্নয়ন মানে সমগ্র দেশের উন্নয়ন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ বিষয়টিকে গুরুত্ব দিয়েছেন বলে চট্টগ্রামের উন্নয়নে অনেকগুলো মেগা প্রকল্প বাস্তবায়ন করছেন। এ প্রকল্প গুলোর কাজ প্রায় সমাপ্তির পথে। কর্ণফুলী টানেল, মীরসরাই বিশেষ শিল্পাঞ্চল, মাতারবাড়ি গভীর সমুদ্র বন্দর, বে-টার্মিনাল নির্মিত হলে চট্টগ্রাম নগরীর গুরুত্ব যেমন বেড়ে যাবে, তেমনি ব্যবসা বাণিজ্যে বিনিয়োগের ক্ষেত্রে বিদেশীদের আগ্রহ বৃদ্ধি পাবে। অর্থাৎ চট্টগ্রাম হবে দক্ষিণ পূর্ব এশিয়ার ব্যবসা বাণিজ্যের কেন্দ্রস্থল । এ কারণে চট্টগ্রাম নগরীকে যুগের সাথে তাল মিলিয়ে সাজাতে হবে। তিনি বলেন, এক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে অভিভাবকের ভূমিকা পালন করতে হবে। আধুনিক সুযোগ সুবিধা সম্পন্ন নগরী হিসাবে চট্টগ্রামকে সাজাতে চসিকের প্রচুর অর্থের প্রয়োজন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে গৃহকরের উপর নির্ভর করে বিশাল অংকের আর্থিক ব্যয় নির্বাহ করতে হচ্ছে। এই ক্ষেত্রে সিটি কর্পোরেশনকে আর্থিকভাবে স্বচ্ছল হতে হবে। চসিকের নির্মাণকৃত সড়কগুলোতে যানবাহনের সর্বোচ্চ ভার ধারণ ক্ষমতা ১০ টন । চট্টগ্রাম বন্দরের ২০ হতে ৩০ টন মালামাল বোঝাই ট্রাক ও লরি চলাচলের কারণে সড়ক গুলো দ্রুত নষ্ট হয়ে যাচ্ছে। তাই বন্দর ব্যবহারকারী পরিবহণগুলো থেকে নিদিষ্ট হারে ট্যাক্স আদায় এবং কাস্টমের বিল অব এন্ট্রি থেকে একটি নির্দিষ্ট হারে চার্জ আদায়ে মন্ত্রণালয়সহ যথাযথ কর্তৃপক্ষের সাথে আলোচনা করে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে ।

সভাপতি বলেন, চট্টগ্রাম নগরীতে ভবন নির্মাণের নকশা অনুমোদন করার ক্ষেত্রে চউকের উপর একক দায়িত্ব না রেখে চসিককেও দায়িত্ব দেয়ার পদক্ষেপ গ্রহণ করতে হবে। তিনি নগরীকে পরিচ্ছন্ন রাখার উপর গুরুত্বারোপ করে বলেন, পরিচ্ছন্ন বিভাগকে ৬টি জোনে ভাগ করা হলেও কিছু-কিছু ক্ষেত্রে কাজের সমন্বয়ের অভাব পরিলক্ষিত হচ্ছে। সেক্ষেত্রে তিনি সমন্বয় সাধনসহ ভ্রাম্যমান আদালতের মাধ্যমে অবৈধ দখলদারগণ যাতে পুনরায় উচ্ছেদকৃত জায়গা দখল করতে না পারে সেখানে ফেন্সিং এবং বাগান করার নির্দেশনা দেন।

সভাপতি ২ হাজার ৫শত কোটি টাকার প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া আগামী ডিসেম্বরের মধ্যেই শেষ করে শুকনো মৌসুমে নির্ধারিত সময়ে সড়ক উন্নয়ন কাজ করাসহ বারইপাড়া খালের অগ্রগতি মাসিক প্রতিবেদন আকারে পেশ করার জন্য প্রকৌশলীদের নির্দেশনা প্রদান করেন। এছাড়া যান্ত্রিক শাখার গাড়িগুলো মাদারবাড়ি চসিকের গ্যারেজে পার্কিং ,রক্ষণাবেক্ষণ ও মেরামত নিশ্চিতকরনে ব্যবস্থা নিশ্চিত করতে হবে। তিনি প্রকৌশল, রাজস্ব ও নগর পরিকল্পনা বিভাগকে বিভাগ ওয়ারী গৃহিত পদক্ষেপ সমূহ বাস্তবায়নে সপ্তাহ ভিত্তিক অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজনের নির্দেশ দেন।

তিনি নগরবাসীকে গৃহকরের উপর মহল বিশেষের বিভ্রান্তিতে কর্ণপাত না করে নতুন ধার্যকৃত করের অসংগতিগুলো দূর করার জন্য স্ব-স্ব কাউন্সিলরকে করদাতাদের সহযোগিতা করার আহ্বান জানান এবং কর আদায়ের ক্ষেত্রে কোন অভিযোগ আসলে সংশ্লিষ্ট কর আদায়কারীর বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন।

চট্টগ্রাম ওয়াসা কর্তৃপক্ষ মোহরা সিএন্ডবি এলাকায় ফুটপাতের উপর সীমানা দেয়াল নির্মাণ করায় সভায় ক্ষোভ প্রকাশ করে অনতিবিলম্বে তা সরিয়ে নেয়ার আহ্বান জানানো হয়। এছাড়াও বিনানুমতিতে বা মেয়াদোত্তীর্ণ অনুমতি পত্র দ্বারা রাস্তা কর্তন করা হলে সংশ্লিষ্ট গ্রাহক , ওয়াসা এবং চসিকের সংশ্লিষ্ট প্রকৌশলীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে মর্মে জানানো হয়। অন্যদিকে রাস্তা সম্প্রসারণের ফলে বিদ্যুতের পোল রাস্তার মাঝখানে থাকায় দূর্ঘটনাসহ জনসাধারণের চলাচলে সৃষ্ট ভোগান্তি নিরসনে পরিদর্শনপূর্বক দ্রুত তা অপসারণের ব্যবস্থা নেয়ার জন্য বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে আহবান জানান। মেয়র অবৈধ উচ্ছেদ অভিযানে পুলিশ, র‍্যাব ও প্রশাসনের সহযোগিতা কামনা করেন এবং বিগত সাধারণ সভাসমুহের গৃহিত সিদ্ধান্তগুলো বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন।

সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়রকে প্রতিমন্ত্রীর মর্যাদা প্রদান করায় নগরবাসীর পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়।সভাপতি নগরীতে সকল সেবাদানকারী সংস্থাকে তাদের কাজের সমন্বয়ের উপর পূনরায় গুরুত্বারোপ করেন এবং সকলের অর্পিত দায়িত্ব সর্বোচ্চ আন্তরিকতা ও নিষ্ঠার সাথে পালনের জন্য অনুরোধ জানান।

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**আলোচ্যসূচি ০১ ঃ গত ২৭জুলাই ২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৮তম সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| সভাপতির অনুমতিক্রমে বিগত ২৭ জুলাই ২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৮তম সাধারণ সভার কার্যবিবরণী প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থাপন করেন। | কোন সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৮তম সাধারণ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

**আলোচ্যসূচি ০২ ঃ গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অত্র সিটি কর্পোরেশনের সচিব সভায় উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সাধারণ সভার অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। বিভাগীয় প্রধান (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

**আলোচ্যসূচি ০৩ ঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগ, স্থায়ী কমিটির গৃহিত সিদ্ধান্ত, বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত এবং বিভিন্ন সংস্থার কার্যক্রমের বিষয়ে আলোচনা।**

**৩:১:ঃ প্রকৌশল বিভাগ**

**৩:১.১:ঃ প্রকৌশল বিভাগ (পুরকৌশল শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগ (পুরকৌশল শাখা) সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। মাননীয় মেয়র মহোদয়ের কার্যালয়ে প্রতি সপ্তাহের শেষ কার্যদিবসে প্রকৌশল বিভাগের অধীনে বাস্তবায়নাধীন কার্যক্রমের সাপ্তাহিক অগ্রগতি পর্যালোচনা সভার আয়োজন করতে হবে।<br>২। নগরীতে ভবনের নকশা অনুমোদনে সিডিএর পাশাপাশি চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে দায়িত্ব দেওয়ার জন্য ব্যবস্থা করতে হবে।<br>৩। নিরবচ্ছিন্নভাবে প্যাচ ওয়ার্ক কার্যক্রম সম্পাদনের নিমিত্তে কমপক্ষে ০২( দুই) টি এ্যাসফল্ট প্ল্যান্ট সর্বদা সচল থাকার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>৪। এ্যাসফল্ট প্ল্যান্টের বিভিন্ন মালামাল সর্বদা কমপক্ষে ৩(তিন) থেকে ০৬(ছয়) মাসের জন্য স্টক থাকতে হবে।<br>৫। প্রকৌশল বিভাগের প্রয়োজনীয় মালামালের বাৎসরিক চাহিদা নিরুপন করে ত্রৈমাসিক/ষান্মাসিক ভিত্তিতে সরবরাহের নিমিত্তে চাহিদা পত্র মাননীয় মেয়র বরাবরে দাখিল করতে হবে।<br>৬। বিনানুমতি বা মেয়াদোত্তীর্ণ অনুমতি পত্র দ্বারা রাস্তা কর্তন করা হলে সংশ্লিষ্ট গ্রাহক, ওয়াসা ও সিটি কর্পোরেশনের প্রকৌশলীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>৭। ২৫০০ কোটি টাকার প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া আগামী ডিসেম্বরের মধ্যে শেষ করে শুকনো মৌসুমের নির্ধারিত সময়ের মধ্যেই সড়ক উন্নয়নের কাজ শেষ করার কার্যকর ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>৮। জেলা প্রশাসন থেকে হস্তান্তরকৃত ভূমিতে মাস ভিত্তিক পরিকল্পনা অনুসরন করে একযোগে কাজ করতে এবং কাজের সপ্তাহ | প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| | ও মাস ভিত্তিক অগ্রগতি মাননীয় মেয়র বরাবরে দাখিল করতে হবে।<br>৯। ওয়াসার ঠিকাদার কর্তৃক রাস্তা কর্তনের ক্ষেত্রে অনুমতি পত্রে নির্দিষ্ট সময়সীমা অতিক্রম হলে ওয়াসা কর্তৃক পুনরায় অনুমতি পত্র গ্রহন পূর্বক রাস্তা কর্তন করতে হবে।<br>১০। সিএমপি'র সাথে যোগাযোগ পূর্বক আখতারুজ্জামান ফ্লাইওভারের নিচে (জিইসি পয়েন্ট), পিসি রোড ও উপযুক্ত সড়ক সমূহে পে-পার্কিং ব্যবস্থা চালুকরনে কার্যকর পদক্ষেপ গ্রহন করতে হবে।<br>১১। পিসি রোডের ডিভাইডার দিয়ে আলাদা লেইন তৈরি করে লোস্পীডের যানবাহন গুলো নিরাপদে চলাচলের ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>১২। রাস্তা কার্পেটিং এর সময় ওয়াসা কর্তৃক স্থাপিত সংযোগ লাইনের উপর স্ল্যাব সমূহ দৃশ্যমান রাখার ব্যবস্থা করতে হবে।<br>১৩। আর্টিলারী রোড, পিসি রোড, ফইল্যাতলী বাজার রোড দ্রুততার সাথে উদ্বোধনে ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>১৪। সড়কের ফুটপাত ভেঙ্গে অবৈধ ভাবে গাড়ি চলাচলের রাস্তা করলে জরিমানার আওতায় আনতে হবে।<br>১৫। নগরের সকল ভাঙ্গা ফুটপাত দ্রুততার সাথে মেরামত করতে হবে। এবং এ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন মাস ওয়ারী মাননীয় মেয়র বরাবর দাখিল করতে হবে।<br>১৬। সড়ক ফুটপাতে উচ্ছেদকৃত স্থানে দ্রুততার সাথে সৌন্দয্য বর্ধনকারী বাগান সৃজন বা ফ্যান্সিং এর ব্যবস্থা করতে হবে।<br>১৭। চসিক এলাকায় ফুটপাত মেরামতের জন্য সম্মানিত কাউন্সিলর হতে ওয়ার্ড ভিত্তিক তালিকা সংগ্রহ করতে হবে। | | |

**৩:১:২৪ প্রকৌশল বিভাগ (পুরকৌশল শাখা) সম্পর্কিত বিভিন্ন স্থায়ী কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ১৬ আগষ্ট ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত নগর আবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ স্থায়ী কমিটির ১১তম সভায় সড়ক সুপারভাইজারের অপ্রতুলতার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | বর্তমানে প্রতি ওয়ার্ডে ১(এক) জন সড়ক সুপারভাইজার নিয়োজিত থাকায় উন্নয়ন কাজ তদারকীতে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে বিধায় প্রতি ওয়ার্ডে দুই জন নতুন সুপারভাইজার পদায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। তাছাড়া কর্তৃপক্ষের অনুমোদনক্রমে/অন্যান্য বিভাগে কর্মরত নিয়োজিত কর্মচারীদের মধ্যে যাদের সুপারভাইজার পদে কাজ চালাইবার যোগ্যতা রয়েছে (যোগ্যতা যাচাই সাপেক্ষে) তাদেরকে ওয়ার্ডে বিদ্যমান সুপারভাইজারের সাথে স্ববেতনে সুপারভাইজার হিসেবে অতিরিক্ত দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২।প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | নগর অবকাঠামো ও সংরক্ষণ স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত |
| গত ১৬ আগষ্ট ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত যোগাযোগ স্থায়ী কমিটির ১১তম সভায় চট্টগ্রাম মহানগরীর যানজট নিরসন ও যোগাযোগ ব্যবস্থার উন্নতি | ১। চট্টগ্রাম মহানগরীর যানজট নিরসনে ট্রাফিক বিভাগের সাথে অত্র কর্পোরেশনের সমন্বয় করে সুশৃঙ্খল গণপরিবহন ব্যবস্থা বাস্তবায়নের পরিকল্পনা প্রণয়ন পূর্বক | ১। প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। ক) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | যোগাযোগ স্থায়ী কমিটির গৃহিত সিদ্ধান্তের |

| | | | |
|---|---|---|---|
| কল্পে সড়ক উন্নয়ন ও সম্প্রসারণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | আগামী সভায় উপস্থাপন করতে হবে। ২। চট্টগ্রাম মহানগরীর যানবাহন সংখ্যা ও যানজট বৃদ্ধি পাওয়ায় যোগাযোগ ব্যবস্থা সমূহের উন্নতিকল্পে, বিশেষ করে সড়ক নেটওয়ার্ক সম্প্রসারণে সিটি কর্পোরেশনের বাস্তবায়নযোগ্য প্রকল্প নির্বাচনে সিদ্ধান্ত গৃহিত হয় | খ) আইন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন গ)নগর পরিকল্পনাবিদ চট্টগ্রাম সিটি কর্পোরেশন | প্রেক্ষিতে সিদ্ধান্ত |
| ২১শে আগষ্ট ২০২২ তারিখে অনুষ্ঠিত শিক্ষা স্থায়ী কমিটির সভায় চট্টগ্রাম সিটিকর্পোরেশন পরিচালিত কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের ভবনের বিভিন্ন অংশ মেরামতের জন্য বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত কতিপয় শিক্ষা প্রতিষ্ঠানের ভবনের সিলিং ব্যবহার যোগ্য করার বিষয়ে প্রতিষ্টান প্রধান কর্তৃক আবেদন করেছেন। তৎমধ্যে বর্তমানে কাপাসগোলা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, রেলওয়ে হাসপাতাল কলোনী সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয় ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন মিউনিসিপ্যাল স্কুল এন্ড কলেজে পাঠদান কার্যক্রম চলা অবস্থায় ও বিভিন্ন সময়ে শ্রেণি কক্ষসহ অন্যান্য কক্ষের ছাদের আস্তর (প্লাস্টার) খসে পড়ার কারণে দূর্ঘটনা ঘটার সম্ভাবনার প্রেক্ষিতে জরুরী ভিত্তিতে উক্ত কার্যাদি সম্পাদনের জন্য অত্র কর্পোরেশনের প্রকৌশল বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | ১। প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটিকর্পোরেশন ২।প্রধান শিক্ষা কর্মকর্তা চট্টগ্রাম সিটি র্পোরেশন | শিক্ষা স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত |
| গত ১০ আগষ্ট ২০২২ তারিখে নারী ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় সংস্থার আর্থিক অবস্থা ও ব্যয় সাশ্রয়ে সরকারের নির্দেশনা ও পরিকল্পনা পূর্বক চট্টগ্রাম মহানগরীতে বিভিন্ন এলাকায় বসবাসকৃত সুবিধা বঞ্চিত নারীদেরকে আর্থিক উন্নয়নে সহযোগিতা করার জন্য ওয়ার্ড ভিত্তিক ২৮ (আটাশ) টি ইলেকট্রিক সেলাই মেশিন ক্রয়ের বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | সংস্থার আর্থিক অবস্থা ও ব্যয় সাশ্রয়ে সরকারের নির্দেশনা পরিপালন পূর্বক চট্টগ্রাম মহানগরীতে বিভিন্ন এলাকায় বসবাসকৃত সুবিধা বঞ্চিত নারীদেরকে আর্থিক উন্নয়নে সহযোগিতা করার জন্য ওয়ার্ড ভিত্তিক ২৮ (আটাশ) টি ইলেকট্রিক সেলাই মেশিন ক্রয়ের লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকিউরমেন্ট কর্মকর্তাকে দায়িত্ব প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন ২। প্রকিউরমেন্ট কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | নারী ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত |

**৩:১:৩ঃ প্রকৌশল বিভাগের (পুরকৌশল শাখা) বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিগত বিভিন্ন সভায় প্রকৌশল বিভাগের (পুরকৌশল শাখা) পার্শ্বোক্ত অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ যা বাস্তবায়ন হয়নি অথচ জনগুরুত্বপূর্ণ এবং বাস্তবায়ন প্রয়োজন এরূপ সিদ্ধান্ত | ১। নগরীর ফুটপাতের ভাঙ্গা রেলিং, গ্রীল ও সৌন্দর্যবর্ধনের জন্য স্থাপিত বিনষ্ট বেষ্টনীগুলো পরিদর্শন পূর্বক তালিকা প্রস্তুত করে দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৭/০৭/২০২২ তারিখের ১৮ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ২। নগরীতে নতুন ভবন নির্মাণের ক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ছাড়পত্র বাধ্যতামূলক করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ঐ | ২৮/০৬/২০২২ তারিখের ১৭ম সাধারণ সভার সিদ্ধান্ত |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| বাস্তবায়নে বিস্তারিত আলোচনা হয় এবং দ্রুত বাস্তবায়নে সিদ্ধান্ত গৃহিত হয়। | ৩। জলাবদ্ধতার মেগা প্রকল্পভূক্ত এলাকাসহ নগরীর ঝুঁকিপূর্ণ সব খাল নালায় ১৫ (পনের) দিনের মধ্যে নিরাপত্তা বেষ্টনী/স্ল্যাব/নির্দেশক চিহ্ন স্থাপন করতে হবে এবং ফুটপাতের বিনষ্ট স্ল্যাব মেরামত করতে হবে। | ঐ | ঐ |
| | ৪। ২৫০০ কোটি টাকার প্রকল্পের মাধ্যমে প্রয়োজনীয় সড়ক উন্নয়নের জন্য কাউন্সিলরদের প্রায়োরিটি তালিকা মাননীয় মেয়র বরাবর প্রেরণ করতে হবে। | ঐ | ২৮/১০/২০২১ তারিখের ৯ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৫। ২নং গেইট এলাকার জলাবদ্ধতার কারণ নিরূপনএবং সমাধানে করণীয় বিষয়ে একটি প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | ঐ | ২৯/০৫/২০২২ তারিখের ১৬ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৬। ওয়ার্ড ভিত্তিক ২০২২-২৩ অর্থবছরের জন্য বার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনা(সার্বিক) সংশ্লিষ্ট সম্মানিত ওয়ার্ড কাউন্সিলরসহ প্রস্তুতপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ঐ | ২৮/০৬/২০২২ তারিখের ১৭ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৭। চসিকের আওতাধীন এলাকায় রোড কার্টিং এর ফি বৃদ্ধি বিষয়ে প্রকৌশল বিভাগের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে পুন: পত্র দেয়ার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঐ | ২৮/০৬/২০২২ তারিখের ১৭ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৮। নগরীর সড়কে ও ফ্ল্যাইওভারের নিচে উপযুক্ত স্থানে পে-পার্কিং চালুকরণের বিষয়ে সিএমপির সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঐ | ২৮/০৬/২০২২ তারিখের ১৭ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৯। নগরীর খাল নালা ব্যবস্থাপনা, রক্ষণাবেক্ষন ও স্লুইস গেইট পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবলের বিষয়টি অর্গানোগ্রাম ভুক্ত করার লক্ষ্যে মন্ত্রনালয়ে প্রেরণের নিমিত্ত জলাবদ্ধতা নিরসন প্রকল্পের প্রতিনিধি ও সিডিএ এর সাথে সমন্বয় পূর্বক জনবলের চাহিদা, পদের নাম, পদ সংখ্যা, প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক সচিবালয় বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৮/০৬/২০২২ তারিখের ১৭ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ১০। সেবক কলোনী নির্মাণ, রাস্তা ও ট্রাক টার্মিনাল নির্মাণ, বারইপাড়া খাল খনন ও ২৫০০ কোটি টাকার সড়ক, ওভারব্রীজ নির্মাণ প্রকল্পের কাজের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আকারে উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | ঐ | |

**৩:১:৪ঃ প্রকৌশল বিভাগের দরপত্র কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন ঃ**

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক গত ১১/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত দরপত্র কমিটির সভার কার্যবিবরণী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক গত ১১/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত দরপত্র কমিটির সভার কার্যবিবরণী সাধারণ সভায় অনুমোদন করা হয়। আগামী এ সংক্রান্ত তথ্য নিম্ন বর্নিত ছক মতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>সংশ্লিষ্ট ওয়ার্ড নং</th><th>পদের নাম/ ধরন</th><th>প্রাক্কলিত ব্যয়</th><th>ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠান</th><th>কাজের মেয়াদ</th><th>মন্তব্য/ প্যাকেজ নং</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table></td><td>ক) প্রধান নির্বাহী কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন</td><td>১১/০৮/২০২২ খ্রিঃ তারিখে দরপত্র মূল্যায়ন কমিটির প্রেক্ষিতে সিদ্ধান্ত</td></tr>
</table>

প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা)

৩:১:৫ঃ প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগের যান্ত্রিক শাখা সর্ম্পকিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। যান্ত্রিক শাখার সকল পরিবহন গুলো মাদারবাড়িস্থ চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর গ্যারেজে রক্ষণাবেক্ষণ ও মেরামত নিশ্চিত করতে হবে।<br>২। চট্টগ্রাম সিটি কর্পোরেশনে ব্যবহৃত বিভিন্ন ভারি যানবাহন ও পরিচ্ছন্নতা বিভাগের ড্রাম ট্রাক সমূহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান কার্যলয় সড়কে পার্কিং থেকে বিরত থাকতে হবে।<br>৩। খালের মাটি উত্তোলনের জন্য চসিকের নিজস্ব এম্পিভিয়াস স্কেভেটর মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। অত্র সিটি কর্পোরেশনের যে সকল ত্রুটিযুক্ত নিজস্ব আবর্জনাবাহী গাড়ী রয়েছে সেগুলো দ্রুত মেরামত ও রং করে ব্যবহার উপযোগী করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী(যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:১.৬ঃ প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা) সম্পর্কিত বিভিন্ন স্থায়ী কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ১৬ আগষ্ট ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ক স্থায়ী কমিটির ১২তম সভায় ৪জন আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার দাপ্তরিক ব্যবহারের জন্য গাড়ি ভাড়া, বাৎসরিক ভিত্তিতে ইজিপির মাধ্যমে মালমাল ক্রয়, পুরাতন কন্টেইনার মেরামত সহ নতুন কন্টেইনার ক্রয়, ইঞ্জিন ট্রলি ক্রয় সংক্রান্ত বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। ৪(চার) জন আনিকসহ প্রেষণে নিয়োজিত কর্মকর্তাদের দাপ্তরিক কাজে ব্যবহারের নিমিত্তে ৪(চার) জন কর্মকর্তার জন্য ১(এক) বছরের জন্য ৪টি কার ভাড়ায় সংগ্রহ করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হয়।<br>২। চাহিদা নির্ধারণ ও মাননীয় মেয়র কর্তৃক অনুমোদনের পর বিভিন্ন সাইজের টায়ার টিউব ও ব্যাটারী বাৎসরিক ভিত্তিতে ইজিপিতে টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে ক্রয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। ২০টি এমএস নতুন কন্টেইনার তৈরী করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪।২৫টি পুরাতন এম এস কন্টেইনার মেরামতের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৫। ব্যয় প্রাক্কলন প্রস্তুত পূর্বক সংস্থার আর্থিক সংগতি বিবেচনায় সরকারের নীতিমালা / সার্কুলার অনুসরণে ৪১টি ইঞ্জিন ট্রলি ক্রয় করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৬। বাৎসরিক ভিত্তিতে ইজিপির মাধ্যমে খুচরা যন্ত্রাংশ ক্রয় করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>খ) তত্ত্বাঃ প্রকৌশলী (যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন ।<br>গ) নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন। | পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত |

৩:১:৭ঃ প্রকৌশল বিভাগের (যান্ত্রিক শাখা) বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিগত বিভিন্ন সভায় প্রকৌশল বিভাগের যান্ত্রিক শাখার পার্শ্বোক্ত অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ যা বাস্তবায়ন হয়নি অথচ জনগুরুত্বপূর্ণ এবং বাস্তবায়ন প্রয়োজন এরূপ সিদ্ধান্ত বাস্তবায়নে বিস্তারিত আলোচনা হয় এবং দ্রুত বাস্তবায়নে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। নগরীর খাল-নালা হতে মাটি-আবর্জনা উত্তোলনের জন্য ভবিষ্যতে স্কেভেটর ভাড়া নিয়ে যাতে কাজ করতে না হয় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী(যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৭/০৭/২০২২ খ্রিঃ তারিখে ১৮তম সাধারন সভায় সিদ্ধান্ত |
| | ২। যান্ত্রিক বিভাগের মেরামতযোগ্য যানবাহন সমূহের তালিকা প্রস্তুত করে তা আউটসোর্সিং এর মাধ্যমে নিজস্ব ওয়ার্কসপে মেরামত করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী(যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ২৭/০২/২০২২ তারিখের ১৩ম সাধারণ সভার সিদ্ধান্ত |
| | ৩। অকেজো নিলামযোগ্য যন্ত্রপাতি/গাড়ি জরুরী ভিত্তিতে নিলামে বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঐ | ২৮/০৪/২০২২ তারিখের ১৫ম সাধারণ সভার সিদ্ধান্ত |

প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা)

৩:১:৮ঃ প্রকৌশল বিভাগ (বিদ্যুৎশাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগ বিদ্যুৎ শাখা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। রাত্রিকালীন নগরীর সৌন্দর্য বর্ধনের লক্ষে নগরীর গুরুত্বপূর্ণ সড়ক সমূহে বিভিন্ন পোলে ডেকোরেটিভ বৈদ্যুতিক বাতি স্থাপন করতে হবে।<br>২। নগরীর আলোকায়নে বৈদ্যুতিক বাতি সমূহ যাতে টেকসই, আবহাওয়া অনুকুল হয় সে বিবেচনায় বাতি ক্রয় ও সংযোগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। কোন স্থানে বিদ্যুতের সঞ্চালন লাইনে ত্রুটি ও সড়ক বাতি নষ্ট হলে তাৎক্ষণিক ভাবে মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন সাপ্তাহিক ভিত্তিতে মাননীয় মেয়র বরাবরে উপস্থাপন করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাঃ প্রকৌশলী(ভাঃ) (বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:১:৯ঃ প্রকৌশল বিভাগের (বিদ্যুৎ শাখা) বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
